# ডেট্রয়েটে আবেদন নবায়ন করুন

ডেট্রয়েট নগরীর নতুন কর্মসূচিতে আগ্রহ প্রদর্শনের জন্য আপনাকে ধন্যবাদ: সিনিয়র ও অক্ষম গৃহমালিকদের জন্য রিনিউ ডেট্রয়েট এসেনশিয়াল হোম রিপেয়ার প্রোগ্রাম (Renew Detroit Essential Home Repair Program for Senior & Disabled Homeowners)। এই ফরমটি রিনিউ ডেট্রয়েট-এর ধাপ 1-এর আবেদনপত্র। রিনিউ ডেট্রয়েট-এর ধাপ 1-এর আবেদনের মেয়াদ 1 অক্টোবর থেকে 31 অক্টোবর 2021 তারিখ পর্যন্ত। ধাপ 1-এর কর্মসূচিতে থাকবে 1,000 নির্বাচিত আবেদনকারীর ছাদ প্রতিস্থাপন। আবেদন প্রক্রিয়া শুরু করতে অনুগ্রহ করে নিম্নোক্ত ফরমটি জমা দিন। আবেদন পূরণে ভাষাগত সহায়তা প্রয়োজন হলে, অথবা আপনি ফোনে আবেদনটি সম্পন্ন করতে চাইলে, অনুগ্রহ করে 313-244-0274 নম্বরে কল করুন।

## আবেদনকারীর (গৃহমালিক বাসিন্দা) তথ্য

আবেদনকারীর নামের প্রথম অংশ*

আবেদনকারীর নামের শেষ অংশ*

আপনি বা কোনো প্রতিষ্ঠান কি অন্য এক ব্যক্তির পক্ষে আবেদনটি জমা দিচ্ছেন?*

আপনি যদি কারো পক্ষ থেকে আবেদনটি জমা দিয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে এই প্রশ্নের জবাবে ‘হ্যাঁ’ নির্বাচন করুন। উদাহরণ: কোনো শিশু একজন অভিভাবকের পক্ষে আবেদন জমা দিচ্ছে; একটি কমিউনিটি সংগঠন কোনো একজন গ্রাহকের পক্ষ থেকে আবেদন জমা দিচ্ছে।

সড়কের ঠিকানা*

আবেদনকারীর ফোন নম্বর*

বিকল্প ফোন নম্বর

আবেদনকারীর ইমেইল ঠিকানা*

ইমেইল ঠিকানা প্রদানের জন্য আমরা আপনাকে দৃঢ়ভাবে উৎসাহিত করছি যাতে করে আমাদের টিম আপনার সাথে যথাসম্ভব দক্ষতার সাথে যোগাযোগ করতে পারে।

বিকল্প ইমেইল ঠিকানা

আপনার পছন্দের ভাষা কোনটি?*

## যোগ্যতা ও নির্বাচনের মানদণ্ড

নিম্নোক্ত প্রশ্নাবলী রিনিউ ডেট্রয়েট হোম রিপেয়ার প্রোগ্রাম-এর যোগ্যতা নির্ধারণ ও নির্বাচনের মানদণ্ড সংশ্লিষ্ট। আবেদনকারীর জবাব রিনিউ ডেট্রয়েট টিম-কর্তৃক যাচাই করা হবে। এটি করা হবে সহযোগী বিভাগ ও সংস্থাগুলো থেকে আবেদনকারীর তথ্য সংগ্রহের মাধ্যমে অথবা আবেদনকারীর কাছ থেকে নথিপত্র চেয়ে।

আবেদনকারীর জন্মতারিখ*

আপনার (আবেদনকারী/গৃহমালিকের) কি কোনো অক্ষমতা রয়েছে?*

আবেদনকারী/গৃহমালিক যদি 12/31/2021 তারিখের মধ্যে 62 বছর বয়সী না হন, সেক্ষেত্রে রিনিউ ডেট্রয়েট এসেনশিয়াল হোম রিপেয়ার কর্মসূচিতে উপযুক্ত হতে হলে তাকে অবশ্যই অক্ষম ব্যক্তি হতে হবে।

আপনি কি SSDI (Social Security Disability Insurance) বা SSI (Supplemental Security Income) পান?*

আবেদনকারী/গৃহমালিক যদি সিনিয়র না হয়ে থাকেন, সেক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা যাচাইয়ে ডেট্রয়েট নগর - রিনিউ ডেট্রয়েট টিম আবেদনকারীকে SSDI বা SSI-এর প্রমাণ উপস্থাপন করতে বলবে।

আপনি কি কখনো 2021 HOPE/HPTAP সম্পত্তি কর ছাড় পেয়েছেন?*

আপনার বাড়ির দলিল কি একাধিক ব্যক্তির নামে?*

হ্যাঁ হলে প্রত্যেক মালিকের নাম ও জন্মতারিখ লিখুন।

আপনি কোন বছর আপনার বাড়ির মালিক হয়েছেন?*

## তথ্যগত প্রশ্ন

নিম্নোক্ত প্রশ্নাবলী কেবল তথ্য জানার উদ্দেশ্যে এবং এগুলো রিনিউ ডেট্রয়েট হোম রিপেয়ার প্রোগ্রামের জন্য আপনার পরিবারের যোগ্যতা বা হোম রিপেয়ার স্কোরকে প্রভাবিত করবে না।

বিগত 10 বছরে আপনি কি ডেট্রয়েট নগর কর্তৃপক্ষ থেকে বাড়ি মেরামতের জন্য কোনো অনুদান নিয়েছেন?*

ওয়েইন মেট্রো ওয়েদারাইজেশন গৃহ মেরামত অনুদানের জন্য আবেদনের পর আপনি কি সময় পিছিয়ে দেওয়ার জন্য কোনো চিঠি (ডেফারাল লেটার) পেয়েছেন?*

আপনি কি নগরের সিনিয়র ইমার্জেন্সি হোম রিপেয়ার অপেক্ষমাণ তালিকায় রয়েছেন?*

আপনার বাড়ির কি একটি নতুন ছাদ প্রয়োজন?*

আপনার বাড়ির বড় ধরনের আর কোন কোন মেরামত প্রয়োজন?*

আপনার বাড়ি এই কর্মসূচির জন্য নির্বাচিত না হলে, আপনি কি মনে করেন যে বাড়ির অবস্থার কারণে আপনাকে বাড়ি ছাড়তে হতে পারে?*

আপনার লিঙ্গ কী?*

আপনার বর্ণ কী? *

আপনার জাতি পরিচয় কী? *

## স্বার্থের দ্বন্দ্ব প্রকাশ

আপনি, বা আপনার পরিবারের কোনো নিকটজন, অথবা ব্যবসায়ের সহযোগী, বর্তমানে, বা গত 12 মাসে: ডেট্রয়েট নগর কর্তৃপক্ষের কর্মী, প্রতিনিধি, পরামর্শক, বা নির্বাচিত বা নিযুক্ত কর্মকর্তা ছিলেন কি? *

ডেট্রয়েট নগর কর্তৃপক্ষ নগরের কোনো কর্মসূচিতে অংশগ্রহণে এর কর্মীদের অথবা কোন সহযোগী প্রতিষ্ঠান/সংগঠনের কর্মীদের বিশেষ কোনো সুবিধা দেয় না। কিংবা ডেট্রয়েট নগর কর্তৃপক্ষের কর্মীদের অথবা কোনো সহযোগী প্রতিষ্ঠান/সংগঠনের কর্মীদের কোনো কর্মসূচিতে অংশগ্রহণে বারণও করে না।

## আবেদনে সম্মতির শর্তাবলি

এই আবেদন জমা দেওয়ার মাধ্যমে আমি ডেট্রয়েট নগরের - রিনিউ ডেট্রয়েট টিম-কে আমার HOPE আবেদনের অবস্থা ও তা অনুমোদনের কোন পর্যায়ে রয়েছে সে তথ্যসহ আমার আবেদন ও/বা কর্মসূচির অন্যান্য তথ্য চাওয়ার অনুরোধ করার ও গ্রহণ করার ক্ষেত্রে সম্মতি প্রদান করছি। তথ্য ডেট্রয়েট নগর - পর্যালোচনা বোর্ড, ডেট্রয়েট নগর - গৃহায়ন ও পুনরুজ্জীবন বিভাগ (Housing & Revitalization Department) এবং ওয়েইন মেট্রোপলিটন কমিউনিটি অ্যাকশন এজেন্সিসহ যেকোনো সহযোগী সংস্থার কাছ থেকে চাওয়া হতে পারে। *

এই আবেদন জমা দেওয়ার মাধ্যমে আমি বুঝতে পারছি যে, ডেট্রয়েট নগর কর্তৃপক্ষ আমার বৈধ আইডি কার্ড সংগ্রহে আমার সাথে যোগাযোগ করবে যাতে তারা আমার পরিচয় এবং এই আবেদনের যথার্থতা যাচাই করতে পারে, পাশাপাশি এই আবেদনের পর্যালোচনা সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় যেকোনো নথিপত্র চাইতে পারে। *

রিনিউ ডেট্রয়েট হোম রিপেয়ার কর্মসূচির যোগাযোগের পছন্দকৃত মাধ্যম হলো ইমেইল। এই আবেদন জমা দেওয়ার মাধ্যমে আমি ডেট্রয়েট নগর কর্তৃপক্ষের কাছ থেকে ইমেইল যোগাযোগ পাওয়ার ক্ষেত্রে সম্মতি প্রদান করছি। আমি বুঝতে পারছি যে, আমি যদি আমার আবেদনের সাথে ইমেইল ঠিকানা প্রদান না করি, সেক্ষেত্রে ইউএস পোস্ট অফিস (US Post Office) বা অন্য কোনো ডাক যোগাযোগ মাধ্যমের বিলম্বের কারণে আবেদন বা নথিপত্র জমা দেওয়ার সময়সীমার ক্ষেত্রে কোনো ব্যতিক্রম করা হবে না। *

এই আবেদন জমা দেওয়ার মাধ্যমে আমি প্রত্যয়ন করছি যে, এই আবেদনে উল্লেখকৃত ও জমা

দেওয়া সকল তথ্য পূর্ণাঙ্গ, সত্য ও সঠিক। আমি এছাড়াও বুঝতে পারছি যে, এই আবেদনে জেনেশুনে ভুল তথ্য প্রদান করা বে-আইনি। *